

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date: 27-10-2025**

**Time : 7-35 A.M.**

**DEO : KB**

**Desk in Charge : SDG**

**Compiling : Prabal B.**

**NR : Prabal B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’-এর দেড়শ বছর পূর্তি দেশ জুড়ে যথাযথ মর্যাদায় উদ্যাপন করা হবে। # সর্দার বল্লভভাই প্যাটেলের সার্ধশত জন্মবার্ষিকী’ও বিশেষ মর্যাদা সহকারে পালিত হবে।

২/ SIR নিয়ে আলোচনা চলার মধ্যেই নির্বাচন কমিশন, নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আজ সাংবাদিক বৈঠক দেকেছে। # বিজেপি বলেছে রাজ্যে SIR হবেই।

৩/ SIR -এর কারণে মতুয়া সম্প্রদায়ের কোনো মানুষের নাম বাদ গেলে, CAA-র মাধ্যমে তা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে বলে দাবি করেছেন কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর।

৪/ ছট পুজোর আজ তৃতীয় দিনে ছত্রিশ ঘন্টা নিরম্মু উপবাসের পর পুণ্যার্থীরা অস্তগামী সূর্যকে অর্ঘ নিবেদন করবেন।

৫/ দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে অতি গভীর নিমচাপের প্রভাবে এরাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে আগামী দুদিন বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দণ্ডরের।

৬/ ইডেনে রঞ্জ ট্রফি ক্রিকেটের তৃতীয় দিনে বাংলার বিরুদ্ধে গুজরাট আজ তিন উইকেটে ১০৭ রান নিয়ে তাদের অসমাপ্ত প্রথম ইনিংসের খেলা শুরু করবে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরাম’-এর দেড়শো বছর উপলক্ষে বিশেষ উদযাপনের কথা ঘোষণা করেছেন। ‘বন্দে মাতরাম’ যেমন প্রতিটি ভারতবাসীর মনে এক উদ্দীপনা জাগিয়ে তোলে, তেমনই ১৪০ কোটি জনগণকে ঐক্যবন্ধ করে রাখে। দেশবাসীকে তিনি #VandeMatram150-র মাধ্যমে তাদের মতামত পাঠানোরও আহ্বান জানিয়েছেন।

( বাইট-PM বন্দে মাতরাম )

প্রধানমন্ত্রী বলেছেন, আগামী ৩১ অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের সার্ধাংশত শততম জন্মজয়ন্তী যথাযথ মর্যাদার সঙ্গে পালন করা হবে। সমগ্র দেশের কাছে এটি একটি বিশেষ তাৎপর্যপূর্ণ দিন। গতকাল ‘মন কি বাত’ এর ১২৭-তম পর্বে তিনি বলেন, আধুনিক সময়ে সর্দার প্যাটেল জাতির জীবনে অন্যতম উজ্জ্বল ব্যক্তিত্ব। তাঁর সুমহান ব্যক্তিত্বের মধ্যে বহুগণের প্রকাশ ঘটেছিল।

(বাইট-PM বল্লভভাই প্যাটেল )

শ্রী মোদী এদিনের মন কি বাত-এ ম্যানগ্রোভের গুরুত্বের কথাও তুলে ধরেছেন। তিনি বলেন, নোনা জল ও স্যাঁতস্যাঁতে এলাকায় গড়ে ওঠা এই ধরণের গাছ, সামুদ্রিক বাস্তুতন্ত্র বজায় রাখার জন্য এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

GST বাচত উৎসব’-ও এরপর স্থান পায় প্রধানমন্ত্রীর ভাষণে। তিনি বলেন, GST হারে সাম্প্রতিক যে সংশোধন করা হয়েছে, তা’ নিয়ে জনগণের মধ্যে তুমুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। আর এই উৎসবের মরসুমেও সেই উৎসাহের প্রতিফলন দেখা গেছে।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR নিয়ে আলোচনার মধ্যে আজ নতুন দিল্লীর বিজ্ঞানভবনে সাংবাদিক বৈঠক দেকেছে জাতীয় নির্বাচন কমিশন। সাংবাদিক সম্মেলনের বিষয়বস্তু স্পষ্ট না হলেও এরাজ্যে এসআইআর শুরুর ঘোষণা হতে পারে বলে মনে করছেন অনেকেই।

উল্লেখ্য ইতোমধ্যেই বিহার এসআইআর প্রক্রিয়া শেষ করে নির্বাচনী নির্ধন্ত ঘোষণা করেছে কমিশন।

\*\*\*\*\*

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, বিজেপি শুধু ক্রটিমুক্ত ভোটার তালিকাই চাইছে না, দেশের অভ্যন্তরীণ জাতীয় নিরাপত্তার স্বার্থেই SIR দরকার।

( বাইট- শমীক )

CPIM নেতা সুজন চক্রবর্তী বলেন, ২৩ বছরে ভোটার তালিকায় পরিবর্তন খুবই স্বাভাবিক বিষয়।

( বাইট- সুজন )

\*\*\*\*\*

এস আই আর-এর কারণে মতুয়া সম্প্রদায়ের কোনো মানুষের নাম ভোটার তালিকা থেকে বাদ গেলেও, CAA-এর মাধ্যমে ফের তাঁদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর মন্তব্য করেছেন।

ঠাকুরনগরে গতকাল ‘অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘ’ আয়োজিত আন্তর্জাতিক মতুয়া গোঁসাই সম্মেলনে শান্তনু ঠাকুর এই মন্তব্য করে, বাংলাদেশ থেকে আসা শরনার্থীদের CAA-তে আবেদন করার অনুরোধ জানান। রাজ্যে SIR হলে রোহিঙ্গা, বহিরাগত ও মৃত ভোটার নিয়ে মোট এক কোটি ভুয়ো ভোটারের নাম তালিকা থেকে বাদ যাবে বলে শান্তনুবাবু দাবি করেন।

\*\*\*\*\*

হাওড়া পুরসভার প্রশাসক মন্ডলীর চেয়ারম্যানের পদ থেকে ইস্তফা দিয়েছেন সুজয় চক্রবর্তী। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমের কাছে গত শনিবার তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন। তাঁর দল তৃণমূল কংগ্রেসের নির্দেশে নয়, ব্যক্তিগত কারণেই এই সিদ্ধান্ত বলে সুজয়বাবু জানিয়েছে। কয়েকদিন আগে প্রশাসকমন্ডলীর ভাইস চেয়ারম্যান সৈকত চৌধুরী দলের নির্দেশে ইস্তফা দেন।

উল্লেখ্য, ২০১৮ থেকে হাওড়া পুরসভায় কোন নির্বাচিত পুরবোর্ড নেই। হাওড়ায় পুর প্রশাসনের দায়িত্ব সামলানোর জন্য প্রশাসক মন্ডলী বসায় রাজ্য সরকার।

\*\*\*\*\*

চারদিনের ছট পুজোর আজ তৃতীয় দিনে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হবে। দিনটি ‘সন্ধ্যা অর্ঘ্য’ নামেও পরিচিত। সূর্য যে আলো, উষ্ণতা এবং শক্তি প্রদান করে এর মধ্য দিয়ে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হবে। পুন্যার্থীরা আজ ঠেকুয়া, আখ, ফল এবং প্রদীপের মতো ঐতিহ্যবাহী প্রসাদ, বাঁশের তৈরি ঝুঁড়িতে নিয়ে নদীর তীরে বা জলাশয়ে সমবেত হবেন। সন্তান এবং পরিবারের সমৃদ্ধি এবং মঙ্গল কামনা করবেন তাঁর। এরাজ্যের নানা প্রান্তের মানুষ’ও এই উৎসবে মেতে উঠেছেন।

\*\*\*\*\*

ছট পুজোকে কেন্দ্র করে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় বিপুল উৎসাহ লক্ষ্য করা গেছে। দীপাবলীর পর এই উৎসবে একসঙ্গে বহু মানুষের সমাগম হয়। ছট পুজো নির্বিশ্ব রাখতে কলকাতার বাজে কদমতলা ঘাট, তঙ্গা ঘাট, দই ঘাট, বাবুঘাট সহ সব বড় ঘাটগুলিতে নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাঁটো করা হয়েছে। পাশাপাশি কলকাতা পুরসভার তরফ থেকেও গঙ্গার ঘাটগুলিতে পুজো দিতে আসা মানুষের যাতে কোন অসুবিধা না হয় তার ব্যবস্থা রাখা হয়েছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল ছট/ অভিজিৎ )

\*\*\*\*\*

দক্ষিণ ২৪পরগনার কাকদ্বীপের সূর্যনগর গ্রাম পথগায়েতে কালীমূর্তি ভাঙচুরের প্রতিবাদে  
গতকাল বিকেলে স্থানীয় অক্ষয় নগর বাসন্তী ময়দান থেকে বাসস্ট্যান্ড পর্যন্ত প্রতিবাদ  
মিছিলে যোগ দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এদিন মিছিলে কয়েক  
হাজার মানুষ যোগ দিয়েছিলেন। মিছিল শেষে সেই সভা থেকে মূর্তি ভাঙচুরের ঘটনায়  
প্রকৃত দোষীদের চিহ্নিত করে দ্রুত গ্রেফতারের দাবী জানান সুকান্তবাবু।  
পাশাপাশি মূর্তি ভাঙচুরের ঘটনায় ধৃত নারায়ণ হালদারের পরিবার শাসক দলের ঘনিষ্ঠ  
বলেও তিনি দাবী করেন।

\*\*\*\*\*

কলকাতার উত্তর শহরতলীর নাগেরবাজার থানা এলাকার বেদিয়া পাড়ায় রঞ্জিত কর্মকার  
নামে এক যুবককে গায়ে জ্বালানি তেল টেলে পুড়িয়ে দেওয়ার ঘটনায় ধৃত সুশান্ত  
দাসকে গতকাল ব্যারাকপুর আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতের  
নির্দেশ দেওয়া হয়। আরেক অভিযুক্ত সুমন ব্যানার্জীকে আজ আদালতে পেশ করা হবে।  
এই ঘটনায় আহত রঞ্জিত কর্মকারের বয়ান এবং তাঁর স্ত্রীর লিখিত অভিযোগের ভিত্তিতে  
মামলা রঞ্জু করে পুলিশ গতকাল সকালে সুশান্ত দাসকে নৈহাটি থেকে এবং সন্ধ্যায়  
সুমন ব্যানার্জীকে বরানগর থেকে গ্রেঞ্চার করে।

\*\*\*\*\*

দার্জিলিং জেলার প্রধান নগর থানা এলাকায় দার্জিলিং মোড়ে, গতরাত দশটা নাগাদ  
চারটে কাঠের আসবাবপাত্রের দোকান আগনে পুড়ে যায়। দমকলের তিনটি গাড়ি গিয়ে  
প্রায় দুঘন্টার চেষ্টায় আগ্নেয় নেভায়। হতাহতের খবর নেই।

\*\*\*\*\*

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে অতি গভীর নিম্নচাপের প্রেক্ষিতে আজ দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল (মঙ্গলবার) ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুর জেলায়। আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, ২৯ তারিখ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে।

মৎস্যজীবদের আগামীকাল থেকে বৃহস্পতিবার পর্যন্ত পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় যেতে নিষেধ করা হয়েছে।

\*\*\*\*\*

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের তৃতীয় দিনে গুজরাট আজ তিন উইকেটে ১০৭ রান নিয়ে তাদের অসহমান্ত প্রথম ইনিংসের খেলা শুরু করবে। দ্বিতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে গুজরাটের থেকে ১৭২ রানে এগিয়ে রয়েছে। বাংলার প্রথম ইনিংস ২৭৯ রানে শেষ হয়ে যায়। গুজরাট প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে সাত উইকেটে ১০৭ রান করেছে। অধিনায়ক মনন হিংরাজিয়া ৪১ রানে, চিন্তন গাঁজা চার রানে অপরাজিত আছেন।

\*\*\*\*\*